

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
পার-১ অধিশাখা
স্বাস্থ্য সেবা বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

নং-৪৫.১৪২.০১২.০০.০০.০২৩.২০১৬-৪০৬

তারিখঃ ০৭.০৬.২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/স্বাস্থ্য সার্ভিসের সহকারী অধ্যাপক পদে পদোন্নতির নিমিত্ত মন্ত্রণালয়ে প্রাপ্ত খসড়া তালিকা প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/স্বাস্থ্য সার্ভিসের সহকারী অধ্যাপক পদে পদোন্নতির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক আবেদনের প্রেক্ষিতে প্রস্তুতকৃত বিভিন্ন বিষয়ের কর্মকর্তাদের তথ্য সম্বলিত খসড়া তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে (যা কর্মকর্তাদের আবেদনের ভিত্তিতে তৈরী এবং কোনরূপ জ্যেষ্ঠতার তালিকা নহে)। মন্ত্রণালয়ে প্রাপ্ত তালিকা ওয়েব সাইটে (www.mohfw.gov.bd) প্রকাশ করা হলো।

খসড়া তালিকায় চাকুরী স্থায়ীকরণ, সিনিয়র স্কেল পাশসহ অন্যান্য তথ্যের ঘাটতির বিষয় শূন্য (০) দ্বারা চিহ্নিত করা হয়েছে। সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে তালিকায় উল্লিখিত তথ্যের সঠিকতা যাচাই করার জন্য অনুরোধ করা হলো। তথ্যে কোনরূপ গড়মিল পরিলক্ষিত হলে বা কোন কর্মকর্তার নাম বাদ পড়লে সংশ্লিষ্ট কর্মকর্তাকে আগামী ২১/০৬/২০১৮ তারিখের মধ্যে জরুরী ভিত্তিতে স্বাস্থ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ করে সংশোধন করার জন্য অনুরোধ করা হলো। যাদের তথ্য যথাযথ রয়েছে তাদের যোগাযোগ করার প্রয়োজন নেই। নির্ধারিত সময়ের পর এ বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তর অথবা মন্ত্রণালয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

উল্লেখ্য, সহকারী অধ্যাপক পদে পদোন্নতির জন্য সংশ্লিষ্ট বিষয়ে উচ্চতর ডিগ্রীসহ অন্যান্য শর্তের পাশাপাশি প্রযোজ্য ক্ষেত্রে চাকুরি নিয়মিতকরণ, চাকুরি স্থায়ীকরণ, সিনিয়র স্কেল পরীক্ষায় উত্তীর্ণ এবং বিগত ০৫ (পাঁচ) বৎসরের (২০১২-২০১৬) এসিআর অত্যাবশ্যক।

(মইনউদ্দিন আহমদ)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৪

বিতরণঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। তাকে নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত আপত্তিসমূহ নিষ্পত্তি করে চূড়ান্ত তালিকা জরুরীভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। (তাকে তালিকাসহ বিজ্ঞপ্তিটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (তাকে পত্রটি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোড করাসহ দেশের সকল সরকারী মেডিকেল কলেজ ও হাসপাতাল এর অধ্যক্ষ/পরিচালক, ইনস্টিটিউট প্রধান, বিভাগীয় পরিচালক, সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল) বরাবরে ই-মেইলের মাধ্যমে প্রেরণ করে ব্যাপক প্রচার নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)।